# উপজেলা পর্যায়ে উন্নয়ন মেলা ২০১৮ এর প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ শাহীনুজ্জামান<br>উপজেলা নির্বাহী অফিসার<br>কুমারখালী, কুষ্টিয়া। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, কুমারখালী। |
| সভার তারিখ | : | ২৭/১২/২০১৭ খ্রি. |

উপস্থিত সদস্যবৃন্দ : পরিসিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি জানান যে, সরকারি সিদ্ধান্তের আলোকে সরকারের গৃহীত কার্যক্রম তথা ভবিষ্যত কর্মপরিকল্পনা, এসডিজি অর্জনে সরকারের সাফল্য প্রচার এ এসডিজি'র কার্যক্রম জনগণের মাঝে তুলে ধরাই উন্নয়ন মেলার মূল লক্ষ্য, যাতে জনগণ সরকারের উন্নয়ন কাজের সাথে সম্পৃক্ত হতে পারে। উন্নয়ন মেলায় উপজেলা পর্যায়ে সকল দপ্তর/সংস্থা, সকল ইউনিয়ন পরিষদ, বীরমুক্তিযোদ্ধাবৃন্দ, বিভিন্ন রাজনৈতিক সংগঠন, ব্যাংক, বীমা ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, সরকারি ও বেসরকারি এনজিও, স্থানীয় সাংস্কৃতি সংগঠন ও উপজেলাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/শিক্ষিকাসহ শিক্ষার্থীদের মেলায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। অতঃপর সভায় কর্মকর্তাগণ, ইউপি চেয়ারম্যানগণসহ উপস্থিত সদস্যবৃন্দ বলেন, বিগত বছরগুলোর তুলনায় আরো জাঁকজমকপূর্ণভাবে উন্নয়ন মেলা করার বিষয়ে অভিমত ব্যক্ত করেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৬/১২/২০১৭ খ্রি. তারিখের ৩২০ নং স্মারকের পত্রের নির্দেশনা মোতাবেক ০৯, ১০, ও ১১ জানুয়ারি, ২০১৮ খ্রি. তারিখের পরিবর্তে **আগামী ১১, ১২ ও ১৩ জানুয়ারি, ২০১৮ খ্রি. তারিখে দেশের সকল জেলা/উপজেলায় "উন্নয়ন মেলা-২০১৮"** আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**এবারের উন্নয়ন মেলার বিষয়সমূহ :-**

- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র উল্লেখযোগ্য ১০ টি উদ্যোগ ব্র্যান্ডিং;
- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক অর্জিত আন্তর্জাতিক স্বীকৃতি/ সাফল্য/ পুরস্কার সম্পর্কিত প্রচারণা;
- রূপকল্প ২০২১ ও ২০৪১ এ উন্নত বাংলাদেশের প্রস্তাবনা সম্পর্কে জনগণকে উদ্বুদ্ধকরণ/ ২০৪১ অর্জন এবং বাস্তবায়নের সাথে জনগণকে সম্পৃক্তকরণ;
- Millennium Development Goal (MDGs) অর্জন সরকারের সাফল্য এবং Sustainable Development Goal (SDGs) সম্পর্কে ধারণা দেয়াসহ লক্ষ্য বাস্তবায়নে জনসম্পৃক্ততা বৃদ্ধিকরণ;
- উপজেলা ঐতিহ্য ও পর্যটন;
- প্রত্যেক উপজেলার একটি অনন্য নিয়ে ব্র্যান্ডিং;
- নারীর ক্ষমতায়নে সরকারের বিভিন্ন পদক্ষেপ;
- তথ্য-প্রযুক্তি, সেবাখাত, অবকাঠামো উন্নয়ন ইত্যাদি খাতে বাংলাদেশের অর্জন;
- বাংলাদেশে বিনিয়োগ সম্ভাবনা;
- স্থানীয় উন্নয়ন চাহিদা সম্পর্কে অবহিত হওয়া জেলা/উপজেলা উন্নয়ন ভবন) এবং গণশুনানী গ্রহণপূর্বক স্থানীয় সমস্যার তাৎক্ষণিক সমাধান;
-

**উন্নয়ন মেলা-২০১৮ উপলক্ষে কার্যক্রম নিম্নরুপ :-**

১। স্থান ও ব্যানার নির্ধারণ করা।
২। উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান: শোভাযাত্রা ও উদ্বোধনী অনুষ্ঠানে স্থানীয় এমপি/উপজেলা চেয়ারম্যান/জনপ্রতিনিধিদের উপস্থিতি।
৩। শেখ হাসিনার সরকারের সাফল্য/উন্নয়ন কার্যক্রমের উপর নির্মিত তথ্য মন্ত্রণালয় কর্তৃক ভিডিও চিত্র প্রদর্শন।
৪। সন্ধ্যায় স্থানীয় শিল্পীগোষ্ঠীর পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান।
৫। উপজেলাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের সমন্বয়ে রিয়েলিটি-শো, কুইজ ও রচনা প্রতিযোগিতার আয়োজন।
৬। মেলাকে আকর্ষণীয় করার জন্য পিঠা উৎসব, ডিজিটাল সেবা, গাম্ভীরা, টি স্টল/দোকান ও গ্রাম্য লাঠিখেলার আয়োজন করা।
৭। মেলায় অংশগ্রহণকারী সকল সরকারি/বেসরকারি দপ্তর কর্তৃক সেবা গ্রহীতাদের সেবা প্রদানের ব্যবস্থা রাখা।

উন্নয়ন মেলা সফলভাবে আয়োজনের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনায় উন্নয়ন মেলা সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠানের লক্ষে নিম্নবর্ণিত কর্মসূচী গ্রহীত হয় :-

| ক্র নং | তারিখ | সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১ | ১১ জানুয়ারি,২০১৮খ্রি. (বৃহ:পতিবার) | সকাল ১০.০০ টা হতে রাত ০৯.০০ টা পর্যন্ত | উন্নয়ন মেলা উপলক্ষ্যে জাঁকজমকপূর্ণ শোভাযাত্রা, উন্নয়ন মেলার আনুষ্ঠানিক উদ্বোধন ও আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান | কুমারখালী পাবলিক লাইব্রেরী হতে উপজেলা পরিষদ মাঠ (আবুল হোসেন তরুন অডিটোরিয়াম সংলগ্ন ) | সকল দপ্তর প্রধান/ শিক্ষা প্রতিষ্ঠান/ এনজিও/ ব্যাংক/ সাংস্কৃতিক প্রতিষ্ঠান ইত্যাদি। |
| ২ | ১২ জানুয়ারি,২০১৮খ্রি. (শুক্রবার) | বেলা ২.৩০ টা হতে রাত ০৯.০০ টা পর্যন্ত | উন্নয়ন মেলা/বিভিন্ন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান | উপজেলা পরিষদ মাঠ (আবুল হোসেন তরুন অডিটোরিয়াম সংলগ্ন ) | সকল দপ্তর প্রধান/ শিক্ষা প্রতিষ্ঠান/ এনজিও/ ব্যাংক/ সাংস্কৃতিক প্রতিষ্ঠান ইত্যাদি। |
| ৩ | ১৩ জানুয়ারি,২০১৮খ্রি. (শনিবার) | বেলা ১২.০০ টা হতে রাত ০৯.০০ টা পর্যন্ত | উন্নয়ন মেলা/বিভিন্ন প্রতিযোগিতা, সমাপনী অনুষ্ঠান, পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠান | উপজেলা পরিষদ মাঠ (আবুল হোসেন তরুন অডিটোরিয়াম সংলগ্ন ) | সকল দপ্তর প্রধান/ শিক্ষা প্রতিষ্ঠান/ এনজিও/ ব্যাংক/ সাংস্কৃতিক প্রতিষ্ঠান ইত্যাদি। |

উন্নয়ন মেলা-২০১৮ সফলভাবে আয়োজনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :-

১) উন্নয়ন মেলার কর্মসূচী বাস্তবায়নের নিমিত্ত **আগামী ১১/০১/২০১৮ তারিখ হতে ১৩/০১/২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত** উন্নয়ন মেলা কুমারখালী উপজেলা পরিষদ মাঠ (আবুল হোসেন তরুন অডিটোরিয়াম সংলগ্ন ) অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহিত হয়।

২) উন্নয়ন মেলাটিতে উপজেলা পর্যায়ের SDG সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর/ সংস্থা , ব্যাংক, বীমা ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, সরকারি ও বেসরকারি এনজিও, শিক্ষা প্রতিষ্ঠান, স্থানীয় সাংস্কৃতিক সংগঠন ইত্যাদির অংশগ্রহণ করতে হবে এবং ৩ (তিন) দিনব্যাপী অডিও ভিডিও উপস্থাপন দ্বারা আর্থ-সামাজিক প্রেক্ষাপটে বাংলাদেশের সামগ্রিক ও নিজ নিজ দপ্তর সংশ্লিষ্ট অগ্রগতি কার্যক্রম উপস্থাপন করতে হবে। বিশেষ করে মাননীয় প্রধানমন্ত্রীর উদ্যোগগুলো **power point presentation** এর মাধ্যমে তুলে ধরতে হবে।

৩) স্কুল/কলেজ/মাদ্রাসার ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণে বর্তমান সরকারের উন্নয়নমূলক MDG অর্জন সংক্রান্ত বিষয়ে **রিয়েলিটি শো কুইজ ও রচনা প্রতিযোগিতা** আয়োজন করা বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার যৌথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৪) মেলাকে আকর্ষণীয় করার জন্য **পিঠা উৎসব, গম্ভীরা, টি স্টল/ফুড কর্ণার, ডিজিটাল সেবা ও গ্রাম্য লাঠিখেলার** আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫) মুক্তিযুদ্ধের চেতনা প্রতিফলন পূর্বক **উপজেলা শিল্পকলা একাডেমী, সংগীত বিদ্যালয়, একুশে সাংস্কৃতিক সংগঠন ও লালন একাডেমী কুমারখালীর পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান** আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়।

৬) মেলা প্রাঙ্গনে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানের জন্য একটি মেডিক্যাল টিম গঠনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

৭) উন্নয়ন মেলার শোভাযাত্রা ও মেলা প্রাঙ্গনের সার্বিক নিরাপত্তা বিধানকল্পে আইন-শৃঙ্খলা রক্ষায় প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিয়োজিত রাখার জন্য অফিসার-ইনচার্জ, কুমারখালী থানাকে অনুরোধ করা হয়।

৮। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কুমারখালীকে উন্নয়ন মেলায় প্রাথমিক চিকিৎসা সেবা প্রদানের নিমিত্ত একটি মেডিক্যাল টিম গঠনপূর্বক মেলায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।

৯) আবাসিক প্রকৌশলী ( ওজোপাডিকোলি ) কুমারখালীকে আগামী ০৯/০১/২০১৮ খ্রি. তারিখের মধ্যে মেলা প্রাঙ্গনে একটি মিটারসহ বিদ্যুৎ লাইন সংযোগ প্রদান এবং মেলা চলাকালীন সময়ে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১০) সকল দপ্তরের দপ্তর প্রধানকে তার অধিনস্ত কর্মকর্তা/কর্মচারীসহ উন্নয়ন মেলায় উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

১১) উপজেলা উন্নয়ন মেলা-২০১৮ এর **স্টল বরাদ্দ, সার্বিক ব্যবস্থাপনা ও সমন্বয়ের লক্ষ্যে সহকারী কমিশনার (ভূমি), কুমারখালীকে** আহ্বায়ক করে নিম্নরুপ কমিটি গঠন করা হলো:-

| | |
|---|---|
| ক) সহকারী কমিশনার (ভূমি), কুমারখালী | -আহ্বায়ক |
| খ) উপজেলা সমাজসেবা অফিসার, কুমারখালী | -সদস্য |
| গ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কুমারখালী | -সদস্য |
| ঘ) টেকনিশিয়ান, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুমারখালী | -সদস্য |
| ঙ) সহকারী প্রোগ্রামার, কুমারখালী | -সদস্য সচিব |

১২) মেলা প্রাঙ্গনে কার্যকরী **ফ্রি ওয়াইফাই** জোন স্থাপনের জন্য ইন্টারনেট সেবা প্রদানকারী প্রতিষ্ঠান এ্যারিস্টো কম্পিউটার, কুমারখালীকে অনুরোধ করা হয়।

১৩) উন্নয়ন মেলায় শুধু স্টল তৈরি করে দেয়া হবে। মেলায় অংশগ্রহণকারী দপ্তরসমূহ নিজ উদ্যোগে স্টল সাজিয়ে নিবেন। তবে সকল স্টলের পরিচিতি ব্যানার (উপরের ব্যানার) একই হবে। এক্ষেত্রে ব্যানারের মাপ ও রঙের বিষয়ে **টেকনিশিয়ান, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুমারখালীর (০১৭৩৫০০৬৪১০)** সাথে যোগাযোগ করতে হবে।

**১৪) উন্নয়ন মেলায় ব্যানারগুলো নির্ধারিত লোক দ্বারা ১০/০১/২০১৮ খ্রি. তারিখ রাত ০৬.৩০ ঘটিকার মধ্যে লাগানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। সকল স্টলের পরিচিতি ব্যানার (উপরের ব্যানার) ০১ টি তৈরি করে দেয়া হবে। সংশ্লিষ্ট দপ্তর ব্যানারের মূল্য পরিশোধ করবে।**

১৫) মেলায় দপ্তর/সংস্থা ভিত্তিক স্টল বরাদ্দ প্রদান করা হবে।

১৬) উন্নয়ন মেলা-২০১৮ তে যে সকল দপ্তর/সংস্থা তাদের কার্যক্রম সঠিকভাবে উপস্থাপন করবেন তাদের **পুরস্কার** প্রদান করা হবে।

১৭) উন্নয়ন মেলার ব্যাপক প্রচারের জন্য, সভাপতি/সাধারণ সম্পাদক, কুমারখালী প্রেস ক্লাব, বাংলাদেশ সাংবাদিক সংস্থা, কুমারখালী শাখা, রিপোটার্স ইউনিট, উপজেলা রিপোটার্স ইউনিট, কুমারখালী শাখা, হাবীব চৌহান, সাংবাদিক, মোঃ শরিফুল ইসলাম, সাংবাদিক, জাকের আলী শুভ, সাংবাদিক ও দিপু মালিক, সাংবাদিক, কুমারখালী প্রতিনিধিকে অনুরোধ করা হয়।

১৮) ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী মেলার সময়সূচি ও সার্বিক কার্যক্রমে কোন পরিবর্তন হলে তা যথাসময়ে সকলকে অবহিত করা হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.১২.১৭

মোঃ শাহীনুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
কুমারখালী, কুষ্টিয়া।
মোবাইল নং-০১৭৩০৪৭৩৬৩০
E-mail : unokumarkhali@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুমারখালী, কুষ্টিয়া।
www.kumarkhali.kushtia.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-০০.০০.৫০৭১.০০১.০০.০৭৪.১৭- ৭৪৭২

তারিখ ১৩ পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ
২৭ ডিসেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

১। মাননীয় সংসদ সদস্য, ৭৮কুষ্টিয়া-৪।
১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
২। পুলিশ সুপার, কুষ্টিয়া।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ও আইসিটি), কুষ্টিয়া।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।
৫। উপজেলা নির্বাহী অফিসার ( সকল ), কুষ্টিয়া।
৬। মেয়র, কুমারখালী পৌরসভা, কুষ্টিয়া।
৭। উপজেলা ..............................................অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।
৮। অধ্যক্ষ/প্রধান শিক্ষক,.........................................,কুমারখালী, কুষ্টিয়া।
৯। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ ( সকল ), কুমারখালী, কুষ্টিয়া।
১০। .........................................................
.........................................................., কুমারখালী, কুষ্টিয়া।

২৭.১২.২০১৭

মোঃ শাহীনুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
কুমারখালী, কুষ্টিয়া।